**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য নির্বাচন কমিশন রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে ।**

**(২) খাদ্য অধিকর্তা জানিয়েছেন, রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর কোনও সংকট নেই ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দিল্লির রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করেন ।**

**(৪) টিসিএ পরিচালিত সন্তোষ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ অনুষ্ঠিত তিনটি খেলায় মৌচাক ক্লাব, চলমান সংঘ এবং হার্ভে ক্লাব জয়লাভ করেছে ।**

**************************************************

**Panchayet Draft Electoral Roll :**

রাজ্য নির্বাচন কমিশন রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। এই লক্ষ্যে রাজ্য নির্বাচন কমিশন পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নের কাজ আগামী ৬ই জুন থেকে শুরু করবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু

চৌধুরী আজ এক বিজ্ঞপ্তিতে জানান, আগামী ৬ই জুন ত্রিস্তর পঞ্চায়েতে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। ঐদিন থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৩ই জুন পর্যন্ত। এরপর ১৪ই জুন থেকে ১৮ই জুনের মধ্যে দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৪শে জুন। উল্লেখ্য, ত্রিস্তর পঞ্চায়েতে রয়েছে ৮টি জিলা পরিষদ, ৩৫টি পঞ্চায়েত সমিতি ও ৬০৬টি গ্রাম পঞ্চায়েত। বর্তমান ত্রিস্তর পঞ্চায়েতের মেয়াদ শেষ হচ্ছে আগামী আগষ্ট মাসের প্রথম সপ্তাহে।

****************************

**Food Director :**

রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর কোনও সংকট নেই। সড়ক পথে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর নিয়মিতভাবে আমদানি অব্যাহত রয়েছে। খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী আজ আকাশবাণীকে একথা জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে আলু পেঁয়াজেরও যথেষ্ট যোগান ও মজুত রয়েছে। আজ সদর মহকুমা শাসক আলু ও পেঁয়াজের পাইকারী ব্যবসায়ীদের নিয়ে বৈঠক করেন। বাজারে আলু পেঁয়াজের অতিরিক্ত মূল্য না নেবার জন্য ব্যবসায়ীদের অনুরোধ জানানো হয়েছে। আলু ও পেঁয়াজের খুচরা মূল্য প্রতি কিলো ৩০ টাকা দরে বিক্রির জন্য বলা হয়েছে। খাদ্য অধিকর্তা জানান, আগামীকাল প্রশাসনের পক্ষ থেকে বাজারগুলোতে বিশেষ অভিযানও চালানো হবে। রাজ্যে বর্তমানে ৬৬ দিনের চাল মজুত রয়েছে। ভারতীয় খাদ্য নিগমের কাছে অনুরোধ করা হয়েছে রেলপথ স্বাভাবিক না হওয়া পর্যন্ত

যেন সড়কপথে রাজ্যে চাল আমদানি অব্যাহত রাখা হয়। তাছাড়া আটা, লবন, চিনি সহ অন্যান্য রেশন সামগ্রীর সন্তোষজনক মজুত রয়েছে।

*****************************

**Lok Adalat :**

আগামী ১১ই মে এবছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ জানিয়েছেন, ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে লোক আদালত বসবে। এদিনের লোক আদালতে রাজ্যে মোট ৪২টি বেঞ্চে ১৭,৯৩৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এর মধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৪,০৭৪টি বিষয় এবং আদালতে বিচারাধীন ১৩,৮৬৪টি মামলা রয়েছে। তিনি আরও জানান, জাতীয় লোক আদালতে মোটর দুর্ঘটনায় ক্ষতিপূরণ সংক্রান্ত ৩২১টি, ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত ৪,০৭৪টি, আপোষযোগ্য ফৌজদারি বিরোধের (এমবি অ্যাক্ট, টিপি অ্যাক্ট, টিজি অ্যাক্ট, এক্সাইস অ্যাক্ট) ১৩,২৬৯টি, বৈবাহিক বিরোধের ১৯৭টি, চেক বাউন্স সংক্রান্ত ৫৩টি, চাকরি সংক্রান্ত বিষয় ৮টি, জমি অধিগ্রহণ সংক্রান্ত ১১টি এবং দেওয়ানি সংক্রান্ত ৫টি মামলা নিস্পত্তির জন্য তোলা হবে।

এরমধ্যে ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ৪৬টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। শ্রীমতি দত্ত চৌধুরী জানিয়েছেন, গত ৯ই মার্চ বছরের প্রথম জাতীয় লোক আদালতে একদিনে ১০ হাজার ৪৪টি মামলার নিষ্পত্তি হয়েছিল।

*******************************

**Akhsay Tritiya :**

আগামীকাল অক্ষয় তৃতীয়া। এই উপলক্ষে আজ  রামনগর ৪ নম্বর স্থিত রামঠাকুর সেবা মন্দিরে এক অনুষ্ঠানের সূচনা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা। তাছাড়া অক্ষয় তৃতীয়া উপলক্ষে গয়নার দোকানগুলিতে রয়েছে ভীড়। উল্লেখ্য হিন্দু সংস্কৃতির অন্যতম শুভ অনুষ্ঠান হিসাবে উদযাপিত হয় অক্ষয় তৃতীয়া। পাশাপাশি নতুন সূচনা, সমৃদ্ধি এবং সৌভাগ্যের প্রতীক হিসেবে দিনটিকে চিহ্নিত করা হয়।

**************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

**************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দিল্লির রাষ্ট্রপতি ভবনে নাগরিক সম্মাননা অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করেন। পদ্ম পুরষ্কার – দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কারগুলির মধ্যে একটি। পদ্মবিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী এই তিনটি পদ্ম পুরস্কার দেয়া হয়।

প্রতি বছর প্রজাতন্ত্র দিবস উপলক্ষে পুরস্কার ঘোষণা করা হয়। গত মাসে, রাষ্ট্রপতি ২২শে এপ্রিল তিনটি পদ্মবিভূষণ, আটটি পদ্মভূষণ এবং 55টি পদ্মশ্রী পুরস্কার প্রদান করেছিলেন। ত্রিপুরার স্মৃতিরেখা চাকমা বয়ন শিল্পে তাঁর অবদানের জন্য আজ রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী পুরুস্কার গ্রহণ করেন।

*********************

**Election 6th phase :**

লোকসভা ভোটের ষষ্ঠ দফার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ ছিল শেষ দিন। এই মাসের ২৫ তারিখে এই পর্বে ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৮টি সংসদীয় আসনে ভোট হবে। এই পর্বে দিল্লির সাতটি, হরিয়ানার দশটি, উত্তরপ্রদেশের ১৪টি, বিহার ও পশ্চিমবঙ্গের আটটি করে, ওড়িশার ছয়টি আসন, ঝাড়খণ্ডের চারটি আসন এবং জম্মু ও কাশ্মীরের একটি আসনে ভোট হবে। আগামী মাসের ৪ তারিখে সব পর্যায়ের ভোট গণনা হবে।

******************************

**N.F.Railway :**

দক্ষিণ আসামের ডিমাহাসাও জেলার নিউ হারাঙ্গাজাও ও জাটিঙ্গা-লামপুর রেলষ্টেশনের মাঝে ধসে ক্ষতিগ্রস্ত রেল লাইন সারাইয়ের পর গতকাল থেকে পরীক্ষামুলকভাবে পণ্যবাহী ট্রেন চালানো অব্যাহত রয়েছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে মুখ্য জন সংযোগ আধিকারীক সব্যসাচী দে জানিয়েছেন, আজও এই রেলপথ দিয়ে চিনি বোঝাই আরো একটি রেল ওয়াগন রওনা হয়। গতকালও ২২ র‍্যাকের একটি পণ্যবাহী ট্রেন আগরতলার উদ্দেশ্যে

রওনা হয়েছে। তিনি জানান, এই রেলপথ দিয়ে দূরপাল্লার যাত্রী ট্রেন চলাচল স্বাভাবিক রয়েছে। পণ্যবাহী ট্রেন নিয়মিত ভাবে চলাচলের জন্য আরও কয়েকদিন লাগতে পারে বলে তিনি আশা প্রকাশ করেন। উল্লেখ্য গত ২৫শে এপ্রিল থেকে এই পথে মালবাহী গাড়ি চলাচল বন্ধ ছিল।

*************************

**Spl.Camp of N.S.S :**

কৈলাশহরের ডলুগাঁও দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আজ থেকে শুরু হয়েছে জাতীয় সেবা প্রকল্প বা এন,এস,এস এর সাতদিনের বিশেষ শিবির। আজ দুপুরে এই শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জেলার জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। তিনি বলেন, জাতীয় সেবা প্রকল্পের মাধ্যমে সেবা, ব্যক্তিত্বের বিকাশ সাধিত হয়। সর্বোপরি চরিত্র গঠন হয়, সামাজিক দায়বদ্ধতা বেড়ে যায়। বক্তব্য রাখেন, কৈলাশহরের বিদ্যালয় পরিদর্শক বেনীমাধব চক্রবর্তী, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সুবোধ দেববর্মা প্রমুখ। সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক তাপস দত্তচৌধুরি। সপ্তাহব্যাপী এই শিবিরে কর্মসূচির মধ্যে রয়েছে, সমীক্ষা, বিষয়ভিত্তিক আলোচনা ইত্যাদি।

*****************************

**Review Meeting-BC Nagar Block :**

দক্ষিণ জেলার জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়ালের পৌরাহিত্যে আজ ভারতচন্দ্র নগর ব্লকের কনফারেন্স হলে ব্লকের উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলা শাসক ব্লক এলাকার রেগা প্রকল্পের কাজকর্মে অসন্তোষ

ব্যক্ত করেন এবং লক্ষ্যমাত্রা পূরনে ব্লকের কর্মচারীদের দ্রুত পদক্ষেপ নেবার নির্দেশ দেন। তাছাড়া ব্লক এলাকার বিভিন্ন দপ্তরের কাজকর্মগুলি সম্পর্কে খোঁজখবর নিয়ে সময়ের কাজ সময়ে শেষ করারও পরামর্শ দেন জেলা শাসক। সভায় অতিরিক্ত জেলা শাসক হেমন্ত দেববর্মা, সহকারী সমাহর্তা কৃষ্ণ চন্দ্র গুপ্ত, জেলা পঞ্চায়েত আধিকারিক শুভব্রত ভট্টাচার্য, ব্লকের বিডিও কাবেরী নাথ, অতিরিক্ত বিডিও সুদীপ কর প্রমুখ উপস্থিত ছিলেন।

******************************

**Santosh Cricket :**

টিসিএ পরিচালিত সন্তোষ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ অনুষ্ঠিত তিনটি খেলায় মৌচাক ক্লাব, চলমান সংঘ এবং হার্ভে ক্লাব জয়লাভ করেছে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় চলমান সংঘ ৭৬ রানে ওল্ড প্লে সেন্টারকে, নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় মৌচাক ক্লাব ৫ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে এবং নরসিংগড়ের টিআইটি মাঠে অনুষ্ঠিত খেলায় হার্ভে ক্লাব ২৬০ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন চব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং

সর্বনিম্ন তেইশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************